দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 18 MAY. 2016 ...
পৃষ্ঠা ...৭৪... কলাম ...৫... ......

# এসএসসি পরীক্ষার্থীর গণিতের উত্তরপত্র পুনঃনিরীক্ষার নির্দেশ

■ ইত্তেফাক রিপোর্ট

চট্টগ্রামের ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী মাইশা ফারজানার এসএসসি পরীক্ষায় গণিতের উত্তরপত্র পুনঃনিরীক্ষার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। তিন দিনের মধ্যে স্কুলের প্রধান শিক্ষক এবং ওই শিক্ষার্থীর সামনে গণিতের উত্তরপত্র পুনঃনিরীক্ষা করতে চট্টগ্রাম শিক্ষা বোর্ডকে নির্দেশ দেওয়া হয়েছে। এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি একেএম সাহিদুল হকের ডিভিশন বেঞ্চ গতকাল সোমবার এই আদেশ দেন। এছাড়া ওই শিক্ষার্থীর গণিত বিষয়ে প্রকাশিত ফল কেন অবৈধ ঘোষণা এবং ওই বিষয়ের উত্তরপত্র পুনঃনিরীক্ষা করে কেন ফল প্রকাশ করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। আদালতে রিট আবেদনের পক্ষে ব্যারিস্টার মওদুদ আহমদ শুনানি করেন। তাকে সহায়তা করেন আবদুল্লাহ আল মাহমুদ।

গত ১৩ মে একটি জাতীয় দৈনিকে প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়, চট্টগ্রাম নগরের কয়েকটি বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিযোগ, এবারের এসএসসি পরীক্ষায় গণিত বিষয়ের নৈর্ব্যক্তিক গ ও ঘ সেটের প্রশ্নপত্রের উত্তর মূল্যায়নের সময় ত্রুটির কারণে সঠিক ফল আসেনি। এতে অনেক মেধাবী শিক্ষার্থী গণিতে জিপিএ-৫ থেকে বঞ্চিত হয়েছে। এ জন্য তারা গণিতের ফল পুনঃনিরীক্ষণের দাবিতে ১২ মে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের সামনে বিক্ষোভ কর্মসূচি পালন করে। এই প্রতিবেদনের ভিত্তিতে হাইকোর্টে রিট করেন ওই আবেদনকারী।